

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(সমন্বয় ও কাউন্সিল শাখা)
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০১.০০২.২০২০-৩৩

তারিখঃ

২৫ মাঘ ১৪২৭

০৮ ফেব্রুয়ারি ২০২১

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অনুষ্ঠান ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্বোধন অনুষ্ঠানের কর্মসূচি পর্যালোচনা বিষয়ক ভার্চুয়াল বিশেষ সভার কার্যবিবরণী প্রেরণ।


সূত্রঃ জ.শ.উ/জা.বা.ক:/সভা-০১/২০১৯/৭৩, তারিখঃ ২৪ জানুয়ারি ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অনুষ্ঠান ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্বোধন অনুষ্ঠানের কর্মসূচি পর্যালোচনা বিষয়ক ভার্চুয়াল বিশেষ সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। বর্ণিত সভার সিদ্ধান্ত অনুসারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অনুষ্ঠান ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্বোধন অনুষ্ঠানে আতশবাজি প্রজ্জ্বলন, সাজ-সজ্জা এবং বিভিন্ন ধরনের অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৫ (পাঁচ) ফর্দ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
www.lgd.gov.bd


পিন্টু বেপারী
সিনিয়র সহকারি সচিব
ফোন ৪ ০২-৯৫৪৫৪১৫
ই-মেইল নং-councillgd@yahoo.com

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫ (৩)- ২৮৬


তারিখঃ

২৭ মাঘ ১৪২৭

১০ ফেব্রুয়ারী ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর অনুষ্ঠান ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর উদ্বোধন অনুষ্ঠান কর্মসূচি পর্যালোচনা সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি বর্ণনামতে ০৪ (চার) পাতা।


মোহাম্মদ তানভীর আজম (ছদ্দিকী)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

জেলা পরিষদ।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সহকারী সচিব (সমন্বয় ও কাউন্সিল শাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (৫ ফর্দের সাইটে প্রকাশের জন্য)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(সমন্বয় ও কাউন্সিল শাখা)
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৩৮.০০১.০০২.২০২০-৩৩

তারিখঃ ২৫ মাঘ ১৪২৭
০৮ ফেব্রুয়ারি ২০২১


বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অনুষ্ঠান ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্বোধন অনুষ্ঠানের কর্মসূচি পর্যালোচনা বিষয়ক ভার্টুয়াল বিশেষ সভার কার্যবিবরণী প্রেরণ।

সূত্রঃ জ.শ:উ/জা:বা:ক:/সভা-০১/২০১৯/৭৩, তারিখ: ২৪ জানুয়ারি ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অনুষ্ঠান ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্বোধন অনুষ্ঠানের কর্মসূচি পর্যালোচনা বিষয়ক ভার্টুয়াল বিশেষ সভার কার্যবিবরণী নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০২। বর্ণিত সভার সিদ্ধান্ত অনুসারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অনুষ্ঠান ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্বোধন অনুষ্ঠানে আতশবাজি প্রজ্জ্বলন, সাজ-সজ্জা এবং বিভিন্ন ধরনের অনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৫ (পাঁচ) ফর্দ।


পিন্টু বেপারী

সিনিয়র সহকারি সচিব
ফোন ৪ ০২-৯৫৪৫৪১৫

ই-মেইল নং-councilgd@yahoo.com

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব, উপজেলা/ইউপি অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। যুগ্মসচিব, নগর উন্নয়ন-১/২ অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। উপসচিব, জেলা পরিষদ অধিশাখা/পৌর-১/২ শাখা, উপজেলা পরিষদ-২ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
- ৬। সিনিয়র সহকারি সচিব, ইউপি-১/২ শাখা, উপজেলা পরিষদ-১ শাখা, স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

- ১। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। অফিস কপি।



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন (৫ম তলা), শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরগি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নং-জ:শ:উ/জা:বা:ক:/সভা-০১/২০১৯/৭৩

তারিখঃ ১০ মাঘ ১৪২৭
২৪ জানুয়ারি ২০২১

বিষয়: জাতীয় প্যারেড স্কয়ারে আগামী ১৭-২৬ মার্চ ২০২১ সময়ে দশদিনব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী অনুষ্ঠান ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর উদ্বোধন অনুষ্ঠানের কর্মসূচি পর্যালোচনা বিষয়ক ভার্চুয়াল বিশেষ সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে গত ০৭ জানুয়ারি ২০২১ তারিখে অনুষ্ঠিত বিশেষ সভার (ভার্চুয়াল) কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

স্থানীয় সরকার বিভাগ	
সংযুক্তি: ৫(পাঁচ) পাতা। সিনিয়র সচিবের দপ্তর	
১) জতিরিক্ত সচিব	২) প্রশাসন
২) মহাপরিচালক	৩) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৪) উন্নয়ন
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)	৫) পানি সরবরাহ (পাস)
	৬) উপজেলা অধিশাখা
	৭) ইউপি অধিশাখা
	৮) অডিট অধিশাখা
	৯) আইন অধিশাখা
ডায়েরি নম্বর: ১৫/১৩০০	তারিখ: ২৪/০১/২০২১

২৪/০১/২০২১
পঞ্জকজ ঘোষ
উপসচিব

ফোন: ০২-৫৫১৩০৩১৫

ই-মেইল: bangabandhu100@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জনাব আবুল মাল আবদুল মুহিত, সাবেক মন্ত্রী এবং আহবায়ক, প্রকাশনা ও সাহিত্য অনুষ্ঠান উপকমিটি
২. ড. হাছান মাহমুদ, এমপি, মন্ত্রী, তথ্য মন্ত্রণালয়
৩. ডা: দীপু মনি, এমপি, মন্ত্রী, শিক্ষা মন্ত্রণালয়
৪. ড. এ. কে. আব্দুল মোমেন, এমপি, মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়
৫. জনাব মোঃ তাজুল ইসলাম, এমপি, মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
৬. জনাব আসাদুজ্জামান নূর, এমপি এবং আহবায়ক, সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি
৭. জনাব মোঃ আতিকুল ইসলাম, মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
৮. জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
৯. জনাব মোঃ শাহরিয়ার আলম, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়
১০. জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
১১. জনাব শরীফ আহমেদ, এমপি, প্রতিমন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
১২. জনাব কে এম খালিদ, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
১৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
১৪. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়
১৫. শেখ হাফিজুর রহমান, সদস্য-সচিব, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট
১৬. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
১৭. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১৮. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১৯. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২০. সচিব, তথ্য মন্ত্রণালয়

প্রশাসন-১/২/জেপ/স ও কা
নম্বর..... তারিখ.....
১৫/১৩০০
২৪/০১/২০২১
যুগ্মসচিব (প্রঃ)

অতি: যুগ্মসচিব/প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর..... তারিখ.....
১৫/১৩০০
২৪/০১/২০২১
জতিরিক্ত সচিব (প্রশাসন)



জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

৫ম তলা, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট ভবন, শহীদ ক্যাম্পেটন মনসুর আলী সরাণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

জাতীয় প্যারেড স্কয়ারে আগামী ১৭-২৬ মার্চ ২০২১ দশদিনব্যাপী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর অনুষ্ঠান ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর উদ্বোধন অনুষ্ঠানের কর্মসূচি পর্যালোচনা বিষয়ক ভার্চুয়াল বিশেষ সভার কার্যবিবরণী

সভাপতি: জাতীয় অধ্যাপক রফিকুল ইসলাম

সভার স্থান: অনলাইন (জুম)

তারিখ ও সময়: ৭ই জানুয়ারি ২০২১, বৃহস্পতিবার, বিকাল ৩:৩০ মিনিট

সভায় উপস্থিতির তালিকা: জুম উপস্থিতি (তালিকা সংযুক্ত- পরিশিষ্ট- 'ক')

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম পরিচালনার জন্য বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরীকে অনুরোধ করেন। প্রধান সমন্বয়ক প্রথমেই এত সংক্ষিপ্ত সময়ের মধ্যে সভা আয়োজনের জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দের কাছে দুঃখ প্রকাশ করেন। তিনি জানান যে, দ্রুততম সময়ের ভিতরে সভা আয়োজনের কারণে মূলত উপকমিটিসমূহের আঙ্গায়ক, সদস্য সচিব এবং বিশেষ কয়েকজন আমন্ত্রিতদের নিয়ে এ সভা হচ্ছে। (১৭-২৬) মার্চ ২০২১ পর্যন্ত অনুষ্ঠান ঢাকা এবং অন্যান্য স্থানে আয়োজনের বিষয়ে আজকের সভায় আলোচনা করা হবে বলে তিনি সকলকে অবহিত করেন। সভার আলোচনার ভিত্তিতে যে সিদ্ধান্ত অথবা পরামর্শ আসবে তা পরবর্তীতে জাতীয় বাস্তবায়ন কমিটির পূর্ণাঙ্গ সভায় উপস্থাপন করা হবে।

২। প্রধান সমন্বয়ক বলেন যে, জাতীয় বাস্তবায়ন কমিটির পরিকল্পনা ছিল যে সীমিত আকারে জনসমাগম করে আগামী ১৭-২৬ মার্চ দশদিনব্যাপী অনুষ্ঠান করা হবে এবং তা অনলাইন, সোশ্যাল মিডিয়া সহ বিভিন্ন মিডিয়ায় সম্প্রচার করা হবে। এ বিষয়ে আলোচনার জন্য গত ০৬/০১/২০২১ তারিখ মাননীয় প্রধানমন্ত্রী সাক্ষাতের সানুগ্রহ সময় দিয়েছিলেন এবং তিনি দশ দিনের অনুষ্ঠান সম্পূর্ণ ভার্চুয়ালি আয়োজন করার নির্দেশনা প্রদান করেছেন। প্রধান সমন্বয়ক বলেন ভার্চুয়াল আয়োজনের ক্ষেত্রে অনুষ্ঠান প্রি-রেকর্ড অথবা সরাসরি সম্প্রচার এই দুইভাবে করা যেতে পারে। সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটির আহবায়ক জনাব আসাদুজ্জামান নূর, এমপি এসময়ে বলেন যে, প্রি-রেকর্ড অনুষ্ঠানের ক্ষেত্রে বিভিন্ন সমস্যা হয়, সে তুলনায় সরাসরি সম্প্রচার সুবিধাজনক। সদস্যরা বলেন যে অনুষ্ঠান সম্প্রচার করার ক্ষেত্রে অনুষ্ঠানের ব্যাপ্তি এবং সম্প্রচার শুরুর সময় ঠিক করা প্রয়োজন। মাননীয় পররাষ্ট্রমন্ত্রী অনুষ্ঠানের সময় সন্ধ্যা ৭.০০ থেকে রাত ৯.০০ পর্যন্ত সময়ে হতে পারে বলে পরামর্শ দেন। সদস্যরা জাতীয় সমন্বয় কমিটির প্রধান সমন্বয়ক; বিটিভির মহাপরিচালক এবং এ্যাটকোর সিনিয়র সহসভাপতি সাংবাদিক মোজাম্মেল হক বাবু কে সময় ঠিক করার জন্য অনুরোধ জানান। নিজেদের মধ্যে আলোচনার মাধ্যমে প্রধান সমন্বয়ক বলেন যে, প্রতিদিন সন্ধ্যা ৬.৩০ থেকে রাত ৯.০০ পর্যন্ত সময়ে অনুষ্ঠান সম্প্রচার করা যেতে পারে। বিটিভি এবং এ্যাটকো (ATCO) সমন্বয়ের মাধ্যমে অনুষ্ঠান সম্প্রচার করতে পারে। দশদিনব্যাপী অনুষ্ঠানের বিষয়ে পত্রিকা, বিজ্ঞাপন, টেলিভিশন, স্পট টেলি, সোশ্যাল মিডিয়ায় বহল প্রচার করা প্রয়োজন বলে সকলে মতামত প্রকাশ করেন।

৩। অনুষ্ঠান রেকর্ডের সুবিধার্থে স্টেজ ডিজাইনে কিছুটা পরিবর্তন প্রয়োজন হতে পারে বলে সভায় আলোচনা হয়। মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় বলেন যে, মহাপরিচালক, বিটিভি এবং মোজাম্মেল হক বাবু এ বিষয়ে বিশেষজ্ঞ। তারা গণপূর্ত অধিদপ্তরের প্রতিনিধিসহ জাতীয় প্যারেড স্কয়ারে নির্মিত স্টেজ পরিদর্শন করে এ বিষয়ে করণীয় নির্ধারণ করতে পারেন। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর বলেন যে, স্টেজ ডিজাইনে কোন পরিবর্তন

প্রয়োজন হলে গণপূর্ত অধিদপ্তর তা করে দিতে পারবে। সম্পূর্ণ অনুষ্ঠান ভার্চুয়ালি রেকর্ড করা হবে বিধায় সাংস্কৃতিক অনুষ্ঠানের পর্ব পুনর্বিন্যাস করা প্রয়োজন। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য যথাসম্ভব দ্রুত সংশ্লিষ্টদের নিয়ে সভা আয়োজনের বিষয়ে উপস্থিত সকলে আলোচনা করেন। সরাসরি সম্প্রচারের ক্ষেত্রে অনুষ্ঠানের মান ভালো করতে হলে অনুষ্ঠান ধারণের জন্য বিদেশি বিশেষজ্ঞ প্রয়োজন হতে পারে বলে সভায় আলোচনা হয়। সম্প্রচারের জন্য বিদেশি রাষ্ট্র প্রধান, সরকার প্রধান এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের বক্তৃতার রেকর্ডিং সংগ্রহের বিষয়ে সভায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হয়।

৪। প্রধান সমন্বয়ক জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী বিদেশি অতিথিবৃন্দকে উপহার হিসাবে প্রদানের জন্য জনাব সব্যসাচী হাজারার করা বস্তাবন্ধু শেখ মুজিবুর রহমানের তর্জনীসহ হাত এবং নয়টি পায়রার সমন্বয়ে করা শ্রদ্ধাস্মারকের ডিজাইনটি চূড়ান্ত করেছেন। এসময় স্ক্রিনশেয়ারের মাধ্যমে উপস্থিত সকলকে ডিজাইনটি দেখানো হয়। সুনিপুণভাবে শ্রদ্ধাস্মারক তৈরির বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য সভায় আলোচনা হয়। প্রধান সমন্বয়ক আরো জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী জনসমাগম পরিহার করে ঢাকার কয়েকটি স্থানে আতশবাজি প্রজ্জ্বলন করা যায় মনে অভিমত দিয়েছেন। আতশবাজি প্রজ্জ্বলন এবং স্থান নির্ধারণের বিষয়ে ঢাকা উত্তর ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে সভায় আলোচনা হয়। এছাড়াও উৎসবের আবহ তৈরি করার জন্য ঢাকা শহরের বিভিন্ন স্থানে সাজ-সজ্জা করা প্রয়োজন। এ বিষয়েও দুই সিটি কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে বলে সভায় সকলে মতামত প্রদান করেন। জনসমাগম পরিহার করে স্বাস্থ্যবিধি মেনে ঢাকা ছাড়াও স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নিজস্ব উদ্যোগে বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন পর্যায়ে আতশবাজি প্রজ্জ্বলন ও অন্যান্য অনুষ্ঠান আয়োজন হতে পারে বলে সভায় সকলে একমত প্রকাশ করেন।

৫। এ্যাটকোর সিনিয়র সহসভাপতি জনাব মোজাম্মেল হক বাবু বলেন যে, বস্তাবন্ধুর ওপরে জাতীয় সংসদে বিশেষ অধিবেশন এবং স্মারক বক্তৃতা আয়োজিত হয়েছে। বক্তৃতাগুলি সংকলিত করে একটি প্রকাশনা করা সম্ভব। সভায় উপস্থিত সদস্যরা এ বিষয়ে একমত প্রকাশ করেন। যেহেতু মুজিববর্ষ বর্ধিতকরণে কিছু সময় পাওয়া গেছে, "সেমিনার, ওয়ার্কশপ ও আলোচনা সভা আয়োজন উপকমিটি" এবং "প্রকাশনা ও সাহিত্য উপকমিটি"র এ বিষয়গুলি নিয়ে আরও কাজ করার সুযোগ আছে বলে প্রধান সমন্বয়ক জানান।

৬। ভার্চুয়াল সভায় উপস্থিত সদস্যদের মধ্যে থেকে বিভিন্নজন ১৭-২৬ মার্চ ২০২১ এর অনুষ্ঠান বিষয়ে আলোচনা করেন ও তাদের মতামত দেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬.১ দশদিনব্যাপী (১৭-২৬ মার্চ, ২০২১) অনুষ্ঠান প্রতিদিন সন্ধ্যা ৬.৩০ থেকে রাত ৯.০০ পর্যন্ত সরাসরি সম্প্রচার করা হবে।	জাতীয় বাস্তবায়ন কমিটি, বিটিভি, এ্যাটকো(ATCO)
৬.২ দশদিনব্যাপী অনুষ্ঠানের বিষয়ে পত্রিকায় বিজ্ঞাপন, টেলিভিশন স্পট তৈরি ও সম্প্রচার, সোশ্যাল মিডিয়ার মাধ্যমে বহল প্রচার করতে হবে।	মিডিয়া, প্রচার ও ডকুমেন্টেশন উপকমিটি সহযোগিতায়: তথ্য মন্ত্রণালয় এবং আইসিটি বিভাগ
৬.৩ জাতীয় প্যারেড স্কয়ার থেকে অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের উপযোগী স্টেজ নির্মাণের লক্ষ্যে সাইট পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	গণপূর্ত অধিদপ্তর, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, মহাপরিচালক, বিটিভি; এ্যাটকোর পক্ষে জনাব মোজাম্মেল হক বাবু সহযোগিতায়: সশস্ত্র বাহিনী বিভাগ

গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৬.৪ অনুষ্ঠান ডার্চুয়াল সম্প্রচারের জন্য সাংস্কৃতিক অনুষ্ঠানের পর্ব পুনর্বিন্যাস করতে হবে এবং এ বিষয়ে জল্পুরি ডিক্রিতে সভা করে প্রয়োজনীয় সিদ্ধান্ত নিতে হবে।	সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি
৬.৫ অনুষ্ঠান ধারণ ও সরাসরি সম্প্রচারের ক্ষেত্রে সার্বিক দিক নির্দেশনা প্রদানে দেশি অথবা বিদেশি কোন বিশেষজ্ঞের নিয়োগের প্রয়োজন রয়েছে কিনা এ বিষয়টি পর্যালোচনা করতে হবে।	সাংস্কৃতিক অনুষ্ঠান ও প্রদর্শনী আয়োজন উপকমিটি এবং মিডিয়া, প্রচার ও ডকুমেন্টেশন উপকমিটি
৬.৬ অনুষ্ঠান সম্প্রচারের জন্য বিদেশি রাষ্ট্র প্রধান, সরকার প্রধান এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গের বক্তৃতার রেকর্ডিং সংগ্রহ করতে হবে।	পররাষ্ট্র মন্ত্রণালয়
৬.৭ বিদেশি অতিথিবৃন্দকে উপহার হিসাবে প্রদানের জন্য জনাব সব্যসাচী হাজারার ডিজাইন করা বক্তাবন্ধু শেখ মুজিবুর রহমানের তর্জনীসহ হাত এবং নয়টি পায়রার সমন্বয়ে করা শ্রদ্ধাস্মারকটি সুনিপুণভাবে তৈরির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জাতীয় বাস্তবায়ন কমিটি এবং গণপূর্ত অধিদপ্তর
৬.৮ ঢাকা শহরে জনসমাগম পরিহার করে বিভিন্ন স্থানে আতশবাজি প্রজ্বলন করতে হবে এবং উৎসবের আবহ তৈরি করার জন্য ঢাকা শহরের বিভিন্ন স্থানে সাজ-সজ্জা করতে হবে।	স্থানীয় সরকার বিভাগ, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
৬.৯ জনসমাগম পরিহার করে স্বাস্থ্যবিধি মেনে ঢাকা ছাড়াও নিজস্ব উদ্যোগে বিভাগ, ঢাকার বাইরের সিটি কর্পোরেশন, জেলা, পৌরসভা, উপজেলা পর্যায়ে বিভিন্ন অনুষ্ঠান আয়োজন করা যেতে পারে।	স্থানীয় সরকার বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়
৬.১০ মুজিববর্ষের বর্ধিত মেয়াদে আরও কিছু মানসম্মত প্রকাশনার কাজ করা হবে।	প্রকাশনা ও সাহিত্য উপকমিটি

৭। আর কোন আলোচনা না থাকায় প্রধান সমন্বয়ক ডার্চুয়াল সভায় উপস্থিত থাকার জন্য সবাইকে ধন্যবাদ জানান এবং এ পর্যায়ে সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ড. কামাল আবদুল নাসের চৌধুরী
প্রধান সমন্বয়ক
জাতির পিতা বক্তাবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি

জাতীয় অধ্যাপক রফিকুল ইসলাম
সভাপতি
জাতির পিতা বক্তাবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি